**বাংলাদেশ কৃষি ব্যাংক**
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫,মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
ফোন ঃ ৯৫৫৬৯৩১
ই-মেইলঃ dgmaccounts1@krishibank.org.bd

**কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-১)**

নং প্রকা/হিসাব(শাখা-১)/ভ্যাট ও ট্যাক্স-৬(৪৮)/২০২২-২৩/ ৮৫২ তারিখঃ ১৭-০৫-২০২৩খ্রিঃ

১। সকল উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা
২। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়
৩। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ **PSR বা Proof of submission of return দাখিল সংক্রান্ত বিধান পরিপালন ও বাস্তবায়ন প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কর কমিশনারের কার্যালয়, বৃহৎ করদাতা ইউনিট(LTU), ঢাকা এর ০৯-০৫-২০২৩ তারিখের স্মারক নং প-৭(৬)/বৃকইউ/২০২২-২০২৩/৫৮৫(২৫) এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো ।

০২। বর্ণিত স্মারকের নির্দেশনা যথাযথভাবে পরিপালনের নিমিত্ত প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত,
২৭.০৫.২০২৩
(খান তামজিদ আহমেদ)
উপ মহাব্যবস্থাপক

নং- প্রকা/হিসাব(শাখা-১)/ভ্যাট ও ট্যাক্স-৬(৪৮)/২০২২-২৩/ তারিখঃ ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ ঃ
১। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়-১, ২ ও ৩ এর দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
২। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
৩। সকল মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়/স্টাফ কলেজ/স্থানীয় মুখ্য কার্যালয়
৪। সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/সচিব, বিকেবি, প্রকা, ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস্ কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকাকে অনুরোধ করা হলো।
৫। নথি/মহানথি।

২৭.০৫.২৩
( আরিফুর রহমান )
সহকারী মহাব্যবস্থাপক

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং. ৫৩৮২ তারিখঃ ১৫.০৫.২৩
ডিএমডি- ৩ জিএম
ব্যবস্থাপনা পরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কর কমিশনারের কার্যালয়

বৃহৎ করদাতা ইউনিট(LTU),ঢাকা।

রাজস্ব ভবন(৯ম ও ১০ তলা)

প্লটঃ এফ১/এ, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

Mr. Wazed 16.05.2023

নথি নং-৭-৭(৬)/বৃকই/২০২২-২০২৩/৫৮৫(২৫) তারিখঃ ০৯/০৫/২০২৩খ্রিঃ

**বিষয়ঃ PSR বা Proof of submission of return দাখিল সংক্রান্ত বিধান পরিপালন ও বাস্তবায়ন প্রসঙ্গে।**

আদিষ্ট হয়ে উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর section 184A এর প্রতিস্থাপন করা হয়েছে। প্রতিস্থাপিত বিধানানুসারে, ৩৮টি বিশেষ ক্ষেত্রে Proof of submission of return বা PSR দাখিল করার বাধ্যবাধকতা রয়েছে। Proof of submission of return বা PSR বলতে বুঝাবে-

ক। জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত রির্টানের প্রাপ্তি স্বীকার পত্র; বা

খ। করদাতার নাম, টিআইএন বা করবর্ষ সংবলিত সিস্টেম জেনারেটেড সার্টিফিকেট; বা

গ। করদাতার নাম টিআইএন বা করবর্ষ সংবলিত উপ কর কমিশনার কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্র।

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের ক্ষেত্রে নিম্নোক্ত ক্ষেত্রে PSR দাখিলের বাধ্যবাধকতা রয়েছেঃ

| ক্রঃনং | PSR দাখিলের ক্ষেত্রসমূহ | বাস্তবায়নকারী | কখন PSR দাখিল করতে হবে? |
|---|---|---|---|
| ১। | ৫ লক্ষাধিক টাকার ঋণ গ্রহণ | ১। বাংলাদেশ ব্যাংক;<br>২। সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান | ঋণের জন্য আবেদনকালে |
| ২। | ক্রেডিট কার্ড প্রাপ্তি ও বহাল রাখতে | ব্যাংক | ১। ক্রেডিট কার্ড প্রাপ্তিতে<br>২। প্রতিবছরের একটি নির্দিষ্ট সময়ে সর্বশেষ করবর্ষের PSR নিতে হবে |
| ৩। | আমদানির উদ্দেশ্যে ঋণপত্র খুলতে | ব্যাংক | আমদানির উদ্দেশ্যে ঋণপত্র খোলার সময় |
| ৪। | দশ লক্ষাধিক টাকার ক্রেডিট ব্যালেন্স সম্পন্ন ব্যাংক হিসাব খুলতে ও বহাল রাখতে | সকল ব্যাংক | ১। দশ লক্ষাধিক টাকার ক্রেডিট ব্যালেন্স সম্পন্ন ব্যাংক হিসাব খোলার সময় বা হিসাবে ব্যালেন্স দশ লক্ষ টাকা হলে।<br>২। হিসাব বহাল রাখতে প্রতিবছরের একটি নির্দিষ্ট সময়ে সর্বশেষ করবর্ষের PSR নিতে হবে |
| ৫। | Monthly Payment Order বা এমপিওভুক্তির মাধ্যমে সরকারের নিকট হতে মাসিক ১৬,০০০ টাকার উর্ধ্বে কোন অর্থ প্রাপ্তিতে | ১। দায়িত্বপ্রাপ্ত ব্যাংক<br>২। শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান | বেতনাদি পরিশোধকালে |

উপব্যবস্থাপনা পরিচালক-৩ এর সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং. ২৮০৮ তারিখঃ ১১.৫.২৩
ডিজিএমঃ RMD

| | | | |
|---|---|---|---|
| ৬। | বাংলাদেশে অবস্থিত ভোক্তাদের নিকট ডিজিটাল প্ল্যাটফর্ম ব্যবহার করে পণ্য বা সেবা বিক্রয়ে | ১। বিটিআরসি<br>২। বাংলাদেশ ব্যাংক | ডিজিটাল প্ল্যাটফর্ম ব্যবহার করে পণ্য বা সেবা বিক্রয় অনুমোদনে; বা বিদেশী কোন প্রতিষ্ঠানের বরাবরে অর্থ প্রেরণকালে |
| ৭। | পণ্য আমদানি বা রপ্তানির উদ্দেশ্যে বিল অব এন্ট্রি দাখিলকালে | ব্যাংক | বিল অব এন্ট্রি দাখিলকালে |

যে সকল ক্ষেত্রে PSR দাখিল বাধ্যতামূলক সে সকল ক্ষেত্রে কোন দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি PSR দাখিল নিশ্চিতকরণ এবং দাখিলকৃত PSR এর সত্যতা যাচাইয়ে ব্যর্থ হলে উপ কর কমিশনার কর্তৃক অনূর্ধ্ব ১০ লক্ষ টাকার অর্থদণ্ডে দণ্ডিত করার বিধান রয়েছে।

বর্ণিত প্রেক্ষাপটে PSR সংক্রান্ত বিধানের বাস্তবায়নে আপনার সক্রিয় সহযোগিতা একান্ত কাম্য।

রাজস্ব আহরণের জন্য বিষয়টি অতীব জরুরী।

৭/৫/২৩

(মোহাম্মদ আরিফুল আলম)
উপ কর কমিশনার
সদর দপ্তর(প্রশাসন)
বৃহৎ করদাতা ইউনিট(LTU),ঢাকা।

প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশ কৃষি ব্যাংক
কৃষি ব্যাংক ভবন,
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

নথি নং- ৩ম-৭(৬)/বৃকইউ/২০২২-২০২৩/৫৮৫(২৫)

তারিখঃ ০৭/০৫/২০২৩খ্রিঃ

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ**

১। সদস্য(কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা), জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা।
২। অতিরিক্ত/যুগ্ম কর কমিশনার(সকল), বৃহৎ করদাতা ইউনিট(LTU), ঢাকা।
৩। উপ কর কমিশনার(সকল), বৃহৎ করদাতা ইউনিট(LTU), ঢাকা।
৪। অফিস কপি।

৭/৫/২৩

(মোহাম্মদ আরিফুল আলম)
উপ কর কমিশনার
সদর দপ্তর(প্রশাসন)
বৃহৎ করদাতা ইউনিট(LTU),ঢাকা।